



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর সদর, নাটোর।
fisheries.natoresadar.natore.gov.bd

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আবু সাঈদ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	২৮ নভেম্বর ২০২৪ খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা।
স্থান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর সদর, নাটোর।
উপস্থিতি	পরিশিষ্ট “ক” তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট “ক”) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সে নির্দেশনা অনুযায়ী আজকের এ সভা আয়োজন করা হয়েছে। দেশ থেকে দুর্নীতি দূরীকরণ, সুশাসন প্রতিষ্ঠা ও দেশের সামগ্রিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে উল্লেখ আছে। এ কৌশলে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, প্রশিক্ষণ ও প্রদর্শনী কার্যক্রম মনিটরিং, অফিসের কর্ম পরিবেশ উন্নয়ন, শুদ্ধাচার পুরস্কার প্রদান, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার, সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়ের মাঝে সেবা প্রদান, দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সচেতনতা সভা আয়োজন, অফিসে যথাসময়ে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে বলা হয়েছে। যার মাধ্যমে অফিসের সকলের মাঝে সততা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। কোন তথ্য জানার জন্য নির্ধারিত ফরমের জন্য আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে তা নিষ্পত্তি করা হবে। দণ্ডের কোন সেবা প্রদান বা সংশ্লিষ্ট কোন বিষয়ে অভিযোগ থাকলে তা লিখিত ভাবে অভিযোগ বক্সে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। অভিযোগের প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মাঝে অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে অভিযোগকারীকে জানানো হবে। যদি অভিযোগকারী এতে সন্তুষ্ট না হন তবে তিনি আপিল কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন। এরপর সভায় উপস্থিত সকলের কাছে মতামত আহ্বান করা হয়।

অংশগ্রহণকারীগণ সরকারের গৃহীত এ কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং তাদের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

সিদ্ধান্ত ১-কোন অভিযোগ দাখিল হলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা।

সিদ্ধান্ত ২-নির্ধারিত সময়ের মধ্যে তথ্য নিষ্পত্তি করা হবে।


সিদ্ধান্ত ৩-সরকারী নির্দেশনা অনুযায়ী অফিসে উপস্থিতি নিশ্চিত করার মাধ্যমে সেবার মান বৃদ্ধি করা হবে।

সিদ্ধান্ত ৪-সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়ের মাঝে সেবা প্রদান নিশ্চিত করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:

(১) সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণ



০১-১২-২০২৪

মোঃ আবু সাঈদ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

নম্বর: ৩৩.০২.৬৯৬৩.৫০১.১৭.০০১.২৪.৭

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।
- ২। সংশ্লিষ্ট নথি।



০১-১২-২০২৪

মোঃ আবু সাঈদ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা